



# বাংলাদেশ ফুটবল ফেডারেশন

## BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ১৩-০৮-২০২১

### সংবাদ বিজ্ঞপ্তিঃ

বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর ন্যাশনাল টিমস্ কমিটির নিয়মিত সভা অদ্য ১৩-০৮-২০২১ তারিখ রোজ শুক্রবার বিকাল ৪.০০ ঘটিকায় ভিডিও কনফারেন্স এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিটির চেয়ারম্যান কাজী নাবিল আহমেদ, এমপি। সভায় সর্বসম্মত নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১। 'সফ চ্যাম্পিয়নশিপ ২০২১ মালদ্বীপ' কে সামনে রেখে আগামী সেপ্টেম্বর ২০২১ ফিফা উইন্ডোতে বাংলাদেশ জাতীয় ফুটবল দল ০৫-০৯-২০২১ তারিখ প্যালেস্টাইন, ০৭-০৯-২০২১ তারিখ কিরগিজস্তান এবং ০৯-০৯-২০২১ তারিখ কিরগিজস্তান অ-২৩ দল এর সঙ্গে ৩ (তিন) টি প্রস্তুতিমূলক ম্যাচ খেলবে।

২। কিরগিজস্তান সফর শেষে ঢাকায় এসে 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর অবশিষ্ট ম্যাচ শেষে দ্রুত বাংলাদেশ জাতীয় ফুটবল দল এর ক্যাম্প শুরু হবে। উক্ত ক্যাম্প শেষে আনুমানিক আগামী ২৭/২৮-০৯-২-২০২১ তারিখ বাংলাদেশ জাতীয় ফুটবল দল 'সফ চ্যাম্পিয়নশিপ ২০২১' এ অংশগ্রহণ করতে মালদ্বীপ গমন করবে। বাফুফে আশা করছে, কিরগিজস্তান সফরের প্রস্তুতি ম্যাচসমূহ ও বাফুফের তত্ত্বাবধানে ক্যাম্প 'সফ চ্যাম্পিয়নশিপ ২০২১' এ ভালো ফলাফল অর্জনে বাংলাদেশ জাতীয় ফুটবল দলকে সাহায্য করবে। বাংলাদেশ জাতীয় ফুটবল দল আগামী ০১-১০-২০২১ তারিখ হতে ১৩-১০-২০২১ তারিখ পর্যন্ত মালদ্বীপে অনুষ্ঠিতব্য 'সফ চ্যাম্পিয়নশিপ ২০২১' এ অংশগ্রহণ করবে।

৩। অক্টোবর ২০২১ মাসে বাংলাদেশ অ-২৩ ফুটবল দল কুয়েতে অনুষ্ঠিতব্য 'এএফসি অ-২৩ এশিয়ান কাপ উজবেকিস্তান ২০২২ কোয়ালিফায়ার্স' এ অংশগ্রহণ করবে। উক্ত প্রতিযোগিতায় বাংলাদেশ অ-২৩ ফুটবল দল কুয়েত, সৌদি আরব ও উজবেকিস্তান অ-২৩ ফুটবল দলের সঙ্গে ম্যাচ খেলবে।

৪। এছাড়াও নভেম্বর ২০২১ ফিফা উইন্ডোতে ইন্দোনেশিয়া, নেপাল অথবা মঙ্গোলিয়া যে কোনো একটি দলের সঙ্গে ঢাকায় দুটি ফিফা দুটি ফিফা ফেডেলী ম্যাচ আয়োজন জন্য সংশ্লিষ্ট ফেডারেশনসমূহের সঙ্গে বাফুফে আলোচনা করছে।

খালিদ মাহমুদ নওমী

মিডিয়া এক্সিকিউটিভ

বাংলাদেশ ফুটবল ফেডারেশন